

অঞ্জলি লহ মোর সঞ্জীতে।  
প্রদীপ-শিখা সম কাঁপিছে প্রাণ মম  
তোমারে, সুন্দর, বন্দিতে!  
সঞ্জীতে সঞ্জীতে ॥  
তোমার দেবালয়ে কি সুখে কি জানি  
দুলে দুলে ওঠে আমার দেহখানি  
আরতি-নৃত্যের ভঞ্জিতে।  
সঞ্জীতে সঞ্জীতে ॥  
পুলকে বিকশিল প্রেমের শতদল  
গন্ধে রূপে রসে টলিছে টলমল।  
তোমার মুখে চাহি আমার বানী যত  
লুটাইয়া পড়ে ঝরা ফুলের মত  
তোমার পদতল রঞ্জিতে।  
সঞ্জীতে সঞ্জীতে ॥